

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৪৯

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৮

১৪ মে ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ১৪ মে ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ টা হতে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদী-বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

১৪ মে ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।

পূর্বাভাসঃ রংপুর, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং খুলনা, রাজশাহী ও ঢাকা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির প্রবনতা হ্রাস পেতে পারে এবং তাপমাত্রা আরও বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.৫	৩০.৪	৩৪.৮	২৯.৩	৩৩.২	২৯.৮	৩৪.৫	৩৪.৫
সর্বনিম্ন তাপমাত্রা	২২.৪	২৩.২	২৩.১	২২.৩	২২.৭	১৯.৭	২৩.৪	২৩.৯

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ৩৪.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৯.৭° সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১২ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৩ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৩	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৩	০	০
৮।	খুলনা	৩	০	০
	মোট	১৩	০	০

বজ্রপাতে নিহত ব্যক্তির তথ্যঃ

১। **হবিগঞ্জঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানিয়েছেন যে, গত ১৩.০৫.২০২১ তারিখ দুপুর- ১২.৩০ ঘটিকায় হবিগঞ্জ জেলার বানিয়াচং উপজেলায় আকস্মিক বজ্রপাতে হাওরে ধান কাটার সময় এক ব্যক্তি নিহত হয়েছে। নিহত ব্যক্তি হলেন নাম- পার্থ দাস (১৪), পিতা- ভজেন্দ্র দাস, গ্রাম- তেলঘড়ি, ৫ নং দৌলতপুর ইউনিয়ন, উপজেলা- বানিয়াচং, জেলা- হবিগঞ্জ।

সূত্র: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, হবিগঞ্জ এর পত্র নং- ৫১.০১.৩৬০০.০০০.১৪.০২৫.১৮-৬০৯; তারিখঃ ১৩/০৫/২০২১ খ্রিঃ।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ

১। ১২/০৫/২০২১ তারিখে ১৫৮ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কালবৈশাখী/ঘূণিঝড়সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে আগাম প্রস্তুতি হিসেবে ৬৪টি জেলার ৪৯২টি উপজেলার প্রতিটিতে ৬৫,০০০/- (পঁয়ষট্টি হাজার) টাকা করে ৪৯২টি উপজেলায় (৬৫,০০০ X ৪৯২) = ৩,১৯,৮০,০০০/- (তিন কোটি উনিশ লক্ষ আশি হাজার) বরাদ্দ প্রদান করা হয়েছে।

২। ১২/০৫/২০২১ তারিখে ১৫৭ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন বাংলাবাজার-শিমুলিয়া নৌরুটে কাঠালবাড়ী ঘাট সংলগ্ন এলাকায় গত ০৩/০৫/২০২১ খ্রিঃ তারিখে স্পিডবোট ডুবির কারণে মৃত ব্যক্তিদের পরিবারের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে নিম্নরূপ বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রঃ	জেলার নাম	বরাদ্দের পরিমাণ (নগদ অর্থ)
০১	মাদারীপুর	৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার)

৩। ০২/০৫/২০২১ তারিখে ১২৬ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কালবৈশাখী/ঘূণিঝড় কোভিড-১৯/বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতি হিসেবে ৬৪ জেলার মোট ৪,৫৭০ ইউনিয়নের অনুকূলে নিম্নরূপ বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রঃ	খাতের নাম	বরাদ্দের পরিমাণ (নগদ অর্থ)
০১	দরিদ্র ও দুঃস্থ পরিবারের সাহায্যার্থে (৬৪ জেলার ৪,৫৭০ টি ইউনিয়নের অনুকূলে)	১১,৪২,৫০,০০০/-

১৪-৫-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৪৯/১(১৭০)

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৮

১৪ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

১৪-৫-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা